# প্রশ্নোত্তরে সহজ তাওহীদ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ তাওহীদ সম্পর্কে প্রশ্ন এবং উত্তর

রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল আলীম ইবনে কাওসার

৬৭: কবরের উপর ঘর নির্মাণ করার বিধান কি?

কবরের উপর ঘর নির্মাণ করা নিকৃষ্ট বিদ‘আত। এর মাধ্যমে দাফনকৃত ব্যক্তির সম্মানের ক্ষেত্রে চরম বাড়াবাড়ি করা হয় এবং এমন কর্মকাণ্ড শির্কের অন্যতম একটি মাধ্যম হিসাবে গণ্য হয়। অতএব, নিকৃষ্ট বিদ‘আত প্রতিরোধ কল্পে এবং শির্কের অন্যতম এই মাধ্যমকে প্রতিহত করতে সম্ভব হলে কবরের উপরে নির্মিত ভবন ভেঙ্গে মাটির সাথে মিশিয়ে দেওয়া ওয়াজিব। তবে এক্ষেত্রে সরকারের অনুমতি এবং সহযোগিতা থাকতে হবে। আবুল হাইয়াজ আসাদী (রাদিয়াল্লাহু ‘আনহু) বলেন, আলী (রাদিয়াল্লাহু ‘আনহু) আমাকে বলেন,

«أَلاَّ أَبْعَثُكَ عَلَى مَا بَعَثَنِى عَلَيْهِ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ أَنْ لاَ تَدَعَ تِمْثَالاً إِلاَّ طَمَسْتَهُ وَلاَ قَبْرًا مُشْرِفًا إِلاَّ سَوَّيْتَهُ»

“রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম আমাকে যে কাজে পাঠিয়েছিলেন, আমিও কি তোমাকে সেই কাজে পাঠাব না? আর তা হচ্ছে এই যে, কোনো ছবি-মূর্তি পেলে তা ভেঙ্গে চুরমার করে দিবে এবং কোনো উঁচু কবর পেলে তা ভেঙ্গে মাটির সাথে মিশিয়ে দিবে” (মুসলিম)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1551

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন